



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : [iprd@bou.ac.bd](mailto:iprd@bou.ac.bd)

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত  
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

২৮ সেপ্টেম্বর ২০২৩

বাউবিতে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস

## তথ্যের অবাধ প্রবাহ কাজের গতি বাড়াবে

বাউবি উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন

তথ্যের অবাধ প্রবাহ কাজের গতি বাড়াবে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের তথ্য ও গণসংযোগ বিভাগের আয়োজনে ও তথ্য অধিকার কর্ম পরিকল্পনা বাস্তবায়ন কমিটির বাস্তবায়নে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৩ উপলক্ষে ২৭ সেপ্টেম্বর ২০২৩, বুধবার আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে বাউবির উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন একথা বলেন। তিনি আরো বলেন তথ্যের অবাধ প্রবাহের মাধ্যমে জনগণের সাথে আস্থার সম্পর্ক তৈরি হয়। বাউবি প্রান্তিক পর্যায় পর্যন্ত শিক্ষার্থী, অভিভাবক, গণমাধ্যমকর্মী ও স্টেক হোল্ডারদের চাহিদামত তথ্য প্রদানে সবসময়ই সচেষ্ট রয়েছে। তথ্য অধিকার কর্ম পরিকল্পনা বাস্তবায়ন কমিটি যথাযথ সেবা প্রদানে কাজ করে যাচ্ছে।



IPRD news clipping book & info. Cyclopedia এর মোড়ক উন্মোচন করছেন বাউবি উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন

তিনি এপিএ-নৈতিকতা কমিটির নবম সভা শেষে তথ্য ও গণসংযোগ বিভাগের IPRD news clipping book & info. Cyclopedia এর মোড়ক উন্মোচন করেন। তথ্য ও গণসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক ড.আ. ফ. ম মেজবাহ উদ্দিনের সঞ্চালনায় মোড়ক উন্মোচন অনুষ্ঠানে বাউবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মুহা. শফিকুল আলম, অর্থ ও হিসাব বিভাগের পরিচালক মো. মামুন হাসান, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগের পরিচালক এএইচএম আনিসুর রহমান আখন্দ, ওপেন স্কুলের শিক্ষক ড. মো: জাকিরুল ইসলামসহ বাউবির বিভিন্ন স্কুলের শিক্ষক, কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বাউবি

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন

পরিচালক (ভারপ্রাপ্ত)